

মনোবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
২০২২-২০২৩ সেশনে এম এস প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ সেশনে মনোবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ে, নিম্নবর্ণিত ৩টি প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে:

ক. এম এস ইন সাইকোলজি

খ. এম এস ইন স্কুল সাইকোলজি

গ. এম এস ইন ইন্ডাস্ট্রিয়াল-অরগানাইজেশনাল সাইকোলজি

আবেদনের যোগ্যতা

● এম এস ইন সাইকোলজি

দেশি/বিদেশি যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) সম্পন্নকারী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। এক্ষেত্রে স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.২৫ (৪.০০ স্কেলে) এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। ডিভিশন/ক্লাস সিস্টেমের ক্ষেত্রে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও স্নাতক পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে।

● এম এস ইন স্কুল সাইকোলজি এবং এম এস ইন ইন্ডাস্ট্রিয়াল-অরগানাইজেশনাল সাইকোলজি

যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মনোবিজ্ঞান, চিকিৎসা মনোবিজ্ঞান অথবা মনোবিজ্ঞানের যে কোন ফলিত বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষা সম্পন্নকারী/উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। আবেদনকারীর স্নাতক পর্যায়ে সিজিপিএ ৩.০০ (৪.০০ স্কেলে) এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে জিপিএ ৩.৫০ (৫.০০ স্কেলে) থাকতে হবে।

আবেদনপত্রের ফি

আবেদনপত্রের ফি প্রতিটি ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা। আবেদনপত্রের ফি জনতা ব্যাংক লিমিটেড, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নিম্নবর্ণিত একাউন্টসমূহে জমা দিতে হবে।

প্রোগ্রামের নাম	একাউন্ট নম্বর
এম এস ইন সাইকোলজি	0100139813256
এম এস ইন স্কুল সাইকোলজি	0100139811113
এম এস ইন ইন্ডাস্ট্রিয়াল-অরগানাইজেশনাল সাইকোলজি	0100139814279

আবেদনের নিয়মাবলি

শিক্ষার্থীরা অনলাইন ও অফলাইন উভয় পদ্ধতিতেই আবেদন করতে পারবেন।

27.7.2023

মোঃ কামাল উদ্দিন

(পিএইচডি, কিউও ইউনিভার্সিটি, জাপান)

অধ্যাপক ও চেয়ারম্যান

মনোবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

অফলাইন পদ্ধতি

অফলাইন পদ্ধতিতে আবেদনের ক্ষেত্রে প্রতিটি প্রোগ্রামের জন্য নির্ধারিত একাউন্টে আবেদন ফি জমা প্রদান করে, জমা-রশিদের মূল কপি এবং ১ কপি ফটোকপি জমা দিয়ে নিম্নবর্ণিত সংশ্লিষ্ট কর্মকর্তার কাছ থেকে আবেদন ফরম সংগ্রহ করা যাবে। প্রার্থীর স্বহস্তে পূরণকৃত আবেদনপত্রের সাথে আবেদন ফরমে উল্লিখিত কাগজপত্র জমা দিতে হবে।

প্রোগ্রামের নাম	সংশ্লিষ্ট কর্মকর্তার নাম ও ঠিকানা
এম এস ইন সাইকোলজি	মোহাম্মদ সফিকুল ইসলাম, টেকনিক্যাল অফিসার কলা ভবন, কক্ষ নং ৩০৭৬ ফোন নং ০১৭১৬০৬১৩৯২.
এম এস ইন স্কুল সাইকোলজি	মোঃ সফিউল্যাহ, এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার কলা ভবন, কক্ষ নং ৩০৭৬ ফোন নং ০১৭১১১৬০৩৪
এম এস ইন ইন্ডাস্ট্রিয়াল-অরগানাইজেশনাল সাইকোলজি	মোঃ সফিউল্যাহ, এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার কলা ভবন, কক্ষ নং ৩০৭৬ ফোন নং ০১৭১১১৬০৩৪

অনলাইন পদ্ধতি

মনোবিজ্ঞান বিভাগের ওয়েব পেইজ <https://du.ac.bd/body/PSY> এর নোটিশ বোর্ড থেকে আবেদন ফরম সংগ্রহ করা যাবে। উক্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করে msadmissiondupsy@gmail.com তে প্রেরণ করতে হবে। অনলাইনে আবেদনপত্রের সাথে টাকা জমা দেয়ার রশিদের স্ক্যান কপি প্রেরণ করতে হবে। স্ক্যান কপির উপর শিক্ষার্থীর নাম লিখতে হবে। বিস্তারিত জানতে যোগাযোগ করুন: জনাব মোঃ নাইমুর রহমান অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, মনোবিজ্ঞান বিভাগ, ঢাঃবিঃ, ফোন নং ০১৯৫৪৯০০৩৬০।

আবেদন জমা দেয়ার শেষ তারিখ

১৫ অক্টোবর, ২০২৩।

এডমিট কার্ড সংগ্রহ

অফলাইনে আবেদনকারীগণ বিভাগীয় অফিসে এসে পূরণকৃত আবেদন ফরম, প্রয়োজনীয় কাগজপত্র ও ছবি জমা দিয়ে প্রতিটি প্রোগ্রামের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তার কাছ থেকে এডমিট কার্ড সংগ্রহ করতে পারবেন।

অনলাইনে আবেদনকারীগণ বিভাগীয় অফিসে এসে আবেদন ফরমে উল্লিখিত কাগজপত্র, টাকা জমা দেয়ার রশিদের মূল কপি ও ছবি জমা প্রদান করে প্রতিটি প্রোগ্রামের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তার কাছ থেকে এডমিট কার্ড সংগ্রহ করতে পারবেন।



27. 7. 2023

মোঃ কামাল উদ্দিন
(পিএইচডি, ফিউশ্ব ইউনিভার্সিটি, জাপান)
অধ্যাপক ও চেয়ারম্যান
মনোবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়